# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৬২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৬৩]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৫৮: সালাতের জন্যে না দৌড়ে দ্রুত গমন করা

## الإسراع إلى الصلاة من غير سعي

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ سَوَّادِ بْنِ الْأَسْوَدِ بْنِ عَمْرٍو، قال: أَنْبَأَنَا ابْنُ وَهْبٍ، قال: أَنْبَأَنَا ابْنُ جُرَيْجٍ، عَنْ مَنْبُوذٍ، عَنِ الْفَضْلِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ أَبِي رَافِعٍ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى الْعَصْرَ ذَهَبَ إِلَى بَنِي عَبْدِ الْأَشْهَلِ فَيَتَحَدَّثُ عِنْدَهُمْ حَتَّى يَنْحَدِرَ لِلْمَغْرِبِ قَالَ أَبُو رَافِعٍ فَبَيْنَمَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسْرِعُ إِلَى الْمَغْرِبِ مَرَرْنَا بِالْبَقِيعِ فَقَالَ: أُفٍّ لَكَ أُفٍّ لَكَ قَالَ: فَكَبُرَ ذَلِكَ فِي ذَرْعِي فَاسْتَأْخَرْتُ وَظَنَنْتُ أَنَّهُ يُرِيدُنِي فَقَالَ: مَا لَكَ امْشِ فَقُلْتُ: أَحْدَثْتَ حَدَثًا قَالَ: مَا ذَاكَ قُلْتُ: أَفَّفْتَ بِي قَالَ: لَا وَلَكِنْ هَذَا فُلَانٌ بَعَثْتُهُ سَاعِيًا عَلَى بَنِي فُلَانٍ فَغَلَّ نَمِرَةً فَدُرِّعَ الْآنَ مِثْلُهَا مِنْ نَارٍ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٢٠٢٨)، مسند احمد ٦/٣٩٢ (حسن)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 863 ـ حسن الإسناد

বাংলা

৮৬২. ’আমর ইবনু সাওয়াদ ইবনুল আসওয়াদ ইবনু আমর (রহ.) ..... আবূ রাফি (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আসরের সালাত আদায় করে বানূ ’আবদুল আশহাল-এর কাছে যেতেন এবং তাদের সাথে কিছু কথাবার্তা বলতেন আর মাগরিবের সালাতের জন্যে দ্রুত চলে আসতেন। আবূ রাফি বলেন, একবার নবী (সা.) মাগরিবের সালাতের জন্যে দ্রুত আসছিলেন। তখন আমরা বাক্বী নামক স্থানের কাছ দিয়ে যাচ্ছিলাম। তিনি বললেন, “তোমার জন্যে আফসোস! তোমার জন্যে আফসোস!” তিনি বলেন, এটা আমার সামর্থ্যে কষ্টকর ছিল, অতএব আমি পেছনে রয়ে গেলাম, আর আমি ধারণা করলাম, তিনি আমাকেই উদ্দেশ্য করেছেন। তিনি (সা.)

বললেন, তোমার কি হলো, চলো। আমি বললাম, আপনি যে একটি ঘটনা ঘটিয়েছেন? তিনি (সা.) বললেন, তা কি? আমি বললাম, আপনি বললেন, তোমার জন্যে আফসোস। তিনি বললেন, না, সে হচ্ছে ঐ ব্যক্তি যাকে আমি অমুক সম্প্রদায়ের নিকট যাকাত আদায়কারী করে পাঠিয়েছিলাম। সে একখানা চাদর আত্মসাৎ করেছিল এখন তাকে ঐরূপ আগুনের একখানা চাদর পরিয়ে দেয়া হয়েছে।

## English

58. Fastening To Pray Without Rushing Unduly

It was narrated that Abu Rafi said: After the Messenger of Allah (ﷺ) had prayed Asr, he would go to Banu 'Abdul-Ashhal to speak to them, until the time for Maghrib came. Abu Rafi said: While the Prophet (ﷺ) was hastening to pray Maghrib, we passed by and he said: 'Fie on you, fie on you!' That upset me so I slowed down because I thought hat he meant me. He said: 'What is the matter with you? Keep up!' I said: 'Is there something wrong?' He said: 'Why are you asking that? I said: 'Because you said: Fie on you to me.' He said: 'No, that was so-and-so whom I had sent to collect Zakat from the tribe of so-and-so, and he stole a Namirah and now he is clothed with something similar made of Fire. '

## ফুটনোট

হাসান: মুসনাদে আহমাদ ২৭২৩৬, সহীহ ইবনু খুযায়মাহ (৪/৫২-৫৩) হাঃ ২৩৩৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ রাফি‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন